অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/30/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো লেক অন্টারিও হোমওনার রিকভারি প্রোগ্রামের (LAKE ONTARIO HOMEOWNER RECOVERY PROGRAM) জন্য যোগ্যতার প্রয়োজনীয়তাগুলো ঘোষণা করেন

গভর্নর 2019 সালে রেকর্ড গড়া বন্যায় ক্ষতিগ্রস্ত বাড়ির মালিকদের লেক অন্টারিও-সেন্ট লরেন্স রিভার ফ্লাড রিলিফ ও রিকভারি প্রোগ্রাম (Lake Ontario-St. Lawrence River Flood Relief and Recovery Program) এর মাধ্যমে সহায়তা করতে 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ দিয়েছেন

আগামী 1 অক্টোবর থেকে বাড়ির মালিকদের আবেদন প্রক্রিয়া শুরু হবে

লেক অন্টারিও ওয়াটারফ্রন্ট অবকাঠামো জোরদার করা ও আঞ্চলিক অর্থনীতিকে উন্নত করতে গভর্নরের লেক অন্টারিও এন্ড ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়াটিভ (Lake Ontario Resiliency and Economic Development Initiative (REDI)) এর পরিপূরক

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 2019 সালে লেক অন্টারিও-সেন্ট লরেন্সে রিভার ফ্লাড রিলিফ এন্ড রিকভারি প্রোগ্রামের জন্য যোগ্যতার শর্তাবলি ঘোষণা করেছেন যা এই বছরের রেকর্ড গড়া লেক অন্টারিও বন্যার দ্বারা সরাসরি প্রভাবিত বাড়ির মালিকদের সহায়তা করবে। 2019 সালের 7 আগস্ট গভর্নর কুওমো প্রথম ঘোষণা দেন, এই কর্মসূচিতে 20 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত হোম রিপেয়ার প্রোগ্রাম সম্প্রসারণ করতে বরাদ্দ দেওয়া হবে, যা বন্যায় ক্ষতিগ্রস্ত বাড়ির মালিকদের সহায়তা করে। নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) এর মাধ্যমে পরিচালিত এই প্রোগ্রামে স্টেট তহবিল হিসেবে 50,000 মার্কিন ডলারের মধ্যে আটটি-কাউন্টি অঞ্চলের অধিবাসীদের তাদের প্রাথমিক বাসভবন থেকে অফসেট ক্ষতিপূরণে সাহায্য করবে। বাড়ির মালিকদের আবেদনের সময়সীমা 1 অক্টোবর থেকে শুরু হবে এবং শেষ হবে 31 অক্টোবর, 2019।

"লেক অন্টারিও এর এই বছরের রেকর্ড গড়া বন্যার সময় কয়েক'শ বাড়ির মালিক ও ব্যবসা প্রতিষ্ঠান তাদের সম্পত্তির উল্লেখযোগ্য ক্ষতির সম্মুখীন হয়েছে", **গভর্নর কুওমো বলেন।** "আমরা যেহেতু দীর্ঘমেয়াদে উপকূলের পাশাপাশি অবকাঠামো শক্তিশালীকরণে বিনিয়োগ অব্যাহত রেখেছি, আমরা নিকটবর্তী সময়ে বাড়ির মালিকদের তাদের বাড়ির প্রয়োজনীয় মেরামত করার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলো পেতে সহায়তা করছি। এই গুরুত্বপূর্ণ অর্থায়ন সেই সব বাড়ির মালিকদের সাহায্য করবে, যারা বন্যায় বিধ্বস্ত হয়ে আগের চেয়েও শক্তিশালী হয়ে ফিরে আসবে।"

"প্রভাবিত কমিনিউটিগুলো পরিদর্শনকালে সর্বনাশটি প্রত্যক্ষভাবে দেখেছি, আমি জানি অন্টারিও লেকের বন্যা স্থানীয় বাসিন্দাদের জন্য কতটা বিধ্বংসী ছিল", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই তহবিলের মাধ্যমে, বাড়ির মালিকরা আরো ভাল ও শক্তিশালী হয়ে উঠতে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেট থেকে সমর্থন পাওয়ার যোগ্য হবে। আমাদের বন্যা প্রস্তুতি, REDI কমিশন এবং লক্ষ্যনীয় বিনিয়োগের মাধ্যমে, আমরা অন্টারিও লেকের উপকূল বরাবর অবকাঠামো শক্তিশালী করতে প্রস্তুত ও প্রতিশ্রুতিবদ্ধ।"

2019 সালে লেক অন্টারিও-সেন্ট লরেন্স রিভার ফ্লাড রিলিফ এন্ড রিকভারি প্রোগ্রাম গভর্নরের লেক অন্টারিও রেসিলিয়েন্সি এন্ড ইকোনমিক ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ বা REDI এর পরিপূরক, যার মাধ্যমে স্টেটের চিহ্নিত প্রকল্পে 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করছে একটি মাল্টি-এজেন্সি স্টেট কমিশনের সঙ্গে অংশীদারিত্বে কমিউনিটিগুলো একটি স্টেট সংস্থার নেতাদের একটি কমিশনের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে অঞ্চলের স্থানীয় অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার সময় লেক অন্টারিওর উপকূল বরাবর অবকাঠামো মজবুত করবে।

আবেদনকারীরা অন্যান্য উৎস যেমন বীমা হিসেবে আচ্ছাদিত ব্যয়গুলোর জন্য তহবিল প্রাপ্তির জন্য যোগ্য ও প্রাথমিক বাড়ির মালিকরা যারা REDI এর সাথে সম্পর্কিত আটটি কাউন্টিতে থাকেন - কেয়ুগা, জেফারসন, মনরো, নায়াগ্রা, অরলিন্স, ওসওয়েগো, সেন্ট লরেন্স ও ওয়েইন - এবং নিচের মানদণ্ড পূরণ করেন:

- 1 জানুয়ারি, 2019 তারিখে যে সকল বাড়ির মালিকরা বন্যার মাধ্যমে প্রভাবিত হয়েছিল এর মাধ্যমে 30 সেপ্টেম্বর, 2019 তারিখে অর্থ সাহায্যের জন্য আবেদন করার অধিকার রাখে।
- 1 অক্টোবর, 2019 এবং 31 অক্টোবর, 2019-এর মধ্যে আবেদনপত্রগুলো গ্রহণ করা হয়েছে।
- বাড়ির নিরাপত্তার জন্য হুমকি এমন সরাসরি বাস্তবিক বন্যাজনিত ক্ষতি বজায় থাকা প্রাথমিক আবাসগুলোতে ক্ষতিগ্রস্তদের ক্ষতি মোকাবেলাকারী আবেদনগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে।
- REDI প্রক্রিয়াটির মাধ্যমে প্রস্তাবিত প্রকল্পগুলোর জন্য তহবিলের সিদ্ধান্ত গ্রহণের পরে লেক অন্টারিও রিকভারি উদ্যোগ সম্পূর্ণ উপকূলরেখার স্থিতিস্থাপকতার দিকে দৃষ্টি নিবদ্ধ করেছে ও প্রাথমিক বাসভবনের নিরাপত্তার হুমকিসহ একা উপকূলীয় ক্ষয়ক্ষতি হ্রাসকারী আবেদনগুলো পর্যালোচনা করা হবে। কিছু ক্ষেত্রে, এই অঞ্চলগতভাবে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলো পৃথক বাড়ির জন্য সুরক্ষা সরবরাহ করতে পারে।

আপডেটের জন্য সাইন আপ করতে এবং যখন আবেদনটি পাওয়া যাবে তখন বিজ্ঞপ্তি পেতে, HCR এর ওয়েবসাইট ভিজিট করুন।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "একটি বড় বন্যা পরবর্তী সময়ে বাসিন্দাদের পুনরুদ্ধারের ক্ষমতা কখনো সহজ নয় এবং পুনর্নির্মাণের ব্যয় প্রায়ই একটি কঠিন পরিস্থিতিকে আরো খারাপ করে তোলে। গভর্নর কুওমোর নেতৃত্বের জন্য ধন্যবাদ, স্টেট তাদের ফিরিয়ে আনার প্রচেষ্টাকে পিছিয়ে দিতে পারে এমন আর্থিক বোঝা কমিয়ে বাড়ির মালিকদের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিচ্ছে। এই অভূতপূর্ব বন্যার প্রেক্ষিতে তাদের ঘরবাড়ি মেরামত করার কাজে এসব পরিবারকে পূর্ণ সমর্থন দেওয়ার জন্য HCR প্রস্তুত রয়েছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এর চেয়ারম্যান ও REDI কমিশনের সহ-সভাপতি হাওয়ার্ড জেমস্কি বলেন, "অন্টারিও শোরলাইন লেকের পাশে ভয়াবহ ও ঐতিহাসিক বন্যার প্রভাবে ক্ষতিগ্রস্ত অঞ্চলজুড়ে বাসিন্দারা ফিরে এসে তাদের জীবন পুনর্নির্মাণ করতে পারে তা নিশ্চিত করা REDI কমিশনের শীর্ষ অগ্রাধিকার। আমরা স্থানীয় স্টেকহোল্ডারদের দ্বারা অগ্রাধিকারের ভিত্তিতে নির্দিষ্ট চাহিদা ও প্রকল্প লক্ষ্য করে কাজ চালিয়ে যাবো, এই কমিউনিটিগুলোকে পুনরুদ্ধার করতে ও আরো প্রাণবন্ত হয়ে উঠতে সাহায্য করবে।"

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation) কমিশনার, বেসিল সেগোস বলেন, "এর আগে, এই সময়ে এবং এই বছর ঐতিহাসিক বন্যার জেরে অন্টারিও উপকূলীয় কমিউনিটির লোকজনদের উপর আঘাত হানার পর, গভর্নর কুওমো স্থলে রয়েছেন এবং বৃদ্ধিপ্রাপ্ত জলের স্তর দ্বারা প্রভাবিত কমিউনিটির সুরক্ষা ও সমর্থন করার জন্য নেতৃত্ব দিয়েছেন। উপকূলের বাসিন্দাদের সাহায্য করার জন্য গভর্নরের পুনরুদ্ধার ও পুনর্নির্মাণের অঙ্গীকার অভূতপূর্ব ও অটল ছিল। আজ ঘোষিত তহবিলটি বাড়ির মালিকদের গুরুত্বপূর্ণ ভাবে ত্রাণ সরবরাহ করার সাথে সাথে সম্পত্তির মালিকদের আরো প্রাণবন্ত হয়ে উঠতে সহায়তা করবে।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন